

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১১.০২.১৬৬.২৩/১৫৩

তারিখঃ ২০/০২/২০২৩খ্রি।

প্রাপকঃ

সদস্য, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

বিষয়ঃ “সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির” সভায় যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/০২/২০২৩খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর সমাজকল্যাণ বিভাগের সন্মেলন কক্ষে বর্ণিত কমিটির ১ম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ-

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। OMS এর চাল বিক্রয় কার্যক্রম প্রসঙ্গে।
- ৩। দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম প্রসঙ্গে।

(ইফতেখার আলম খোকন)

সভাপতি

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১১.০২.১৬৬.২৩/১৫৩(১).৩

তারিখঃ ২০/০২/২০২৩খ্রি।

অনুলিপি (সদয় অবগতির জন্য):-

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৩। পি ও টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের অবগতির জন্য)।

(ইফতেখার আলম খোকন)

সভাপতি

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব ইফতেখার আলম খোকন কাউন্সিলর, ওয়ার্ড নং-১০ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
সভার তারিখ	:	২৮/০২/২০২৩খি।
সভার সময়	:	বিকাল ৩.০০ ঘটিকায়।
সভার স্থান	:	সমাজকল্যাণ বিভাগের সম্মেলন কক্ষ (৯ম তলা)।

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব ইফতেখার আলম খোকনের সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। আলোচ্যসূচী অনুসারে আলোচনা শুরু করার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা: গত সভার কার্যবিবরণী পাঠ করেন জনাব কে.এম.ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সিদ্ধান্ত: কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আলোচ্যসূচী-২: OMS এর চাল বিক্রয় কার্যক্রম প্রসঙ্গে।

আলোচনা: জনাব কে. এম. ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা OMS এর চাল বিক্রয় বিষয়ে সভাকে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ২৭টি ওয়ার্ডেই ১১টি ট্রাক সেল ডিলারের মাধ্যমে প্রতিদিন ১১টি স্থানে OMS কার্যক্রম পরিচালনা করছে। এই ট্রাক সেল কার্যক্রমের মাধ্যমে ৩০/- কেজি দরে জনপ্রতি সর্বমোট ৫কেজি করে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এই কার্যক্রমের মাধ্যমে দরিদ্র কর্মজীবী নাগরিক তাদের ন্যায্য মূল্যে খাদ্য সুবিধা ভোগ করতে পারছে।


সিদ্ধান্ত: OMS ট্রাক সেল কার্যক্রম সঠিক এবং সুষ্ঠুভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-৩: দূর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম প্রসঙ্গে।

আলোচনা: দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা বলেন যে, আমরা সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা-কর্মচারী যেকোন দূর্যোগ মোকাবেলায় সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকি। এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে কমিটির অন্যতম সদস্য জনাব শারমিন হাবিব বিন্নি, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩,১৪,১৫ বলেন যে, আমরা কোভিড-১৯ মহামারি যেভাবে মোকাবেলা করেছি সিটি কর্পোরেশনের নির্দেশনা অনুযায়ী আমরা সকল দূর্যোগ মোকাবেলায় প্রস্তুত রয়েছি। তিনি সভাকে অনুরোধ জানান যে, সম্প্রতি দেখা দেয়া ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশন কর্তৃক সচেতনতা মূলক ক্যাম্পিং ও প্রচারনা বৃদ্ধি করা প্রয়োজন।

সিদ্ধান্ত: সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা মূলক ক্যাম্পিং ও প্রচারনা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি


সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।



সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটির ১ম সভার হাজিরা।

সভার স্থান : সমাজকল্যাণ বিভাগের সম্মেলন কক্ষ (৯ম তলা)
সভার তারিখ : ২৮/০২/২০২৩খ্রি।
সভা নং : ১ম সভা।

সভায় উপস্থিতির তালিকা

ক্রঃ নং	নাম	কমিটিতে দায়িত্ব	স্বাক্ষর
০১	ডা. সেলিনা হায়াৎ আইভী মেয়র নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সদস্য	
০২	জনাব ইফতেখার আলম খোকন কাউন্সিলর, ওয়ার্ড নং-১০ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সভাপতি	
০৩	জনাব শারমিন হাবিব বিন্নি কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩,১৪,১৫ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সদস্য	 ২৮-০২/২৩
০৪	জনাব গোলাম মুহাম্মদ সাদরিল কাউন্সিলর, ওয়ার্ড নং-৫ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সদস্য	
০৫	জনাব মোখলেছুর রহমান চৌধুরী কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সদস্য	 ২৮.০২.২০২৩
০৬	জনাব কে.এম.ফরিদুল মিরাজ প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।	সদস্য	 ২৮/২/২০২৩